

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 11-09-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**CM Courtesy Meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার স্টেট গেস্ট হাউজে আসন্ন শারদোৎসব উপলক্ষে প্রধান সমাজপতিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। পরে তিনি সামাজিক মাধ্যমে জানান ত্রিপুরাকে এগিয়ে নিয়ে যেতে হলে নিজেদের মধ্যে ভ্রাতৃত্ববোধ গড়ে তুলতে হবে। এই ভ্রাতৃত্ব আস্থা, বিশ্বাস ও একে অপরের প্রতি সমর্থনের উপর ভিত্তি করে গড়ে উঠবে এবং সম্পর্ককে আরও দৃঢ় করবে। অনুষ্ঠানে সমাজপতিদের সঙ্গে বিভিন্ন বিষয়ে আলোচনা করেন তিনি।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তরপ্রদেশ এবং উত্তরাখণ্ড সফর করবেন। সফরকালে তিনি বারাণসীতে মরিশাসের প্রধানমন্ত্রী ডঃ নবীনচন্দ্র রামগুলামের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। সন্ধ্যার পরে প্রধানমন্ত্রী দেহাদুন যাবেন এবং উত্তরাখণ্ডের বন্যা কবলিত এলাকাগুলি আকাশপথে পরিদর্শন করবেন। তিনি কর্মকর্তাদের সঙ্গে একটি উচ্চ পর্যায়ের পর্যালোচনা বৈঠকেও সভাপতিত্ব করবেন।

\*\*\*\*\*

**GST :**

জিএসটি হারে সাম্প্রতিক পরিবর্তনের পর, কেন্দ্র, ম্যানুফ্যাকচারার, প্যাকার এবং আগে প্যাকেজ করা পণ্যের আমদানিকারকদের ৩১ ডিসেম্বর পর্যন্ত অবিদ্রীত স্টকের উপর সংশোধিত সর্বোচ্চ খুচরা মূল্য ঘোষণা করার অনুমতি দিয়েছে। উপভোক্তা মন্ত্রক বিজ্ঞপ্তি প্রকাশ করে জানিয়েছে, কোম্পানিগুলি স্ট্যাম্পিং বা স্টিকার ব্যবহার করে পুরানো স্টকের উপর এমআরপি সংশোধন করতে পারে। সরকার স্পষ্ট জানিয়েছে যে এমআরপিতে যে কোনও উর্ধ্বমুখী সংশোধন শুধুমাত্র কর বৃদ্ধির পরিমাণ প্রতিফলিত করবে। অন্যদিকে কর হ্রাসের ক্ষেত্রে, নির্মাতা এবং প্যাকারদের সংবাদপত্রে কমপক্ষে দুটি বিজ্ঞাপন প্রকাশ করতে হবে এবং মূল্য সংশোধন সম্পর্কে আইনি পরিমাপ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

\*\*\*\*\*

### **‘Adi Sanskriti’ University :**

কেন্দ্রীয় উপজাতি বিষয়ক প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে গতকাল নতুন দিল্লির ভারত মণ্ডপে বিশ্বের প্রথম ডিজিটাল উপজাতি বিশ্ববিদ্যালয়-‘আদি সংস্কৃতি’র সূচনা করেছেন। বিশ্ববিদ্যালয়ের ওপর আলোকপাত করে শ্রী উইকে বলেন, আদি সংস্কৃতি একটি ডিজিটাল অ্যাকাডেমি এবং ই-লার্নিং প্ল্যাটফর্ম, যেখানে জাতীয় ও বৈশ্বিক দর্শকদের জন্য উপজাতি শিল্প সংস্কৃতি, কারুশিল্প এবং জ্ঞান ব্যবস্থার জন্য একটি অনলাইন মার্কেটপ্লেস রয়েছে। তিনি আরও বলেন, এটি সাংস্কৃতিক সংরক্ষণ এবং জীবিকা নির্বাহের জন্য নতুন সুযোগ তৈরি করবে।

\*\*\*\*\*

### **Nepal :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেপালের বর্তমান পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে সে দেশের শান্তি প্রতিষ্ঠায় নেপালের জনগণকে এগিয়ে আসার আবেদন

জানিয়েছেন। উদ্ধৃত পরিস্থিতির প্রেক্ষিতে বিদেশ মন্ত্রক, ভারতের পর্যটকদের আপাতত নেপাল না যাওয়ার পরামর্শ দিয়েছে। সেদেশে থাকা ভারতীয়দেরও সর্বকম সতর্কতা বজায় রাখার পাশাপাশি খুব দরকার ছাড়া বাইরে বেরোতে নিষেধ করা হয়েছে। প্রতিবেশী দেশ নেপালে উদ্ধৃত সঙ্কটের প্রেক্ষিতে উত্তরপ্রদেশ-নেপাল সীমান্তবর্তী এলাকায় রাজ্য সরকার উচ্চ সতর্কতা জারি করেছে।

\*\*\*\*\*

### **Mukhamantri Urban Development Scheme :**

শারদোৎসব উপলক্ষে মুখ্যমন্ত্রী নগর উন্নয়ন প্রকল্পে অমরপুর নগর পঞ্চায়েত এলাকার ১৩৪ জন ভলান্টিয়ার, দিব্যাঙ্গজন এবং ঠিকা শ্রমিকদের পূজা অনুদান দেওয়া হয়েছে। ২৫ জন ভলান্টিয়ারকে মাথাপিছু ৭০০ টাকা করে, ৬৪ জন ঠিকা শ্রমিককে মাথাপিছু ১ হাজার ৬০০ টাকা করে এবং ৪৫ জন দিব্যাঙ্গজনকে মাথাপিছু ১ হাজার ৫০০ টাকা করে পূজা অনুদান দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

### **TRESP – Kanchanpur :**

ত্রিপুরা গ্রামীণ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং পরিষেবা প্রদান প্রকল্পে কাঞ্চনপুর টাউন হলে বিজ্ঞান ভিত্তিক মাছ চাষের উপর তিনদিনব্যাপী প্রশিক্ষণ শিবির গতকাল থেকে শুরু হয়েছে। কাঞ্চনপুর মহকুমা মৎস্য দপ্তরের উদ্যোগে আয়োজিত এই শিবিরে মৎস্যচাষীদের পাশাপাশি ৩৭টি মহিলা স্বসহায়ক দলের সদস্যারা অংশ নেন। কাঞ্চনপুর মহকুমা মৎস্য দপ্তরের সুপারিনটেন্ডেন্ট অনিমেষ চাকমা জানান, মহকুমার দুটি ব্লকের মোট ৩৭টি স্বসহায়ক দলকে মাছ চাষের জন্য সাড়ে ৬ লক্ষ টাকা করে ঋণ প্রদান করা হচ্ছে। তার মধ্যে ১২টি দলকে ইতিমধ্যেই এই ঋণ দেয়া হয়েছে।

\*\*\*\*\*

## **Anti-Tobacco Campaign :**

দক্ষিণ ত্রিপুরা জেলা তামাক নিয়ন্ত্রণ সেলের তত্ত্বাবধানে গতকাল নলুয়া বাজার এবং আশেপাশের স্কুল এলাকায় অভিযান চালানো হয়। অভিযানে তামাক আইন অনুযায়ী জনবহুল স্থানে ধূমপান না করা, ১৮ বছরের কম বয়সী যেকোনো ব্যক্তির কাছে সিগারেট ও অন্যান্য তামাকজাত দ্রব্য বিক্রি না করা, শিক্ষা প্রতিষ্ঠানের ১০০ গজের মধ্যে তামাক বিক্রি না করার বিষয়ে সকলকে সচেতন করা হয়। অভিযানে তামাকজাত দ্রব্য আইন অমান্য করায় ৬ জনকে জরিমানা করা হয়।

\*\*\*\*\*

## **Football :**

চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবলের সুপার লিগের চতুর্থ খেলায় কল্যাণ সমিতি জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় কল্যাণ সমিতি ৩-০ গোলে নাইন বুলেটস ক্লাবকে পরাজিত করে।

\*\*\*\*\*

## **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*